তারিখ ২।১০।৭৮ পৃষ্ঠা ১ কলাম ৬

দৈনিক বাংলা

002

# প্রাথমিক শিক্ষার ভার স্থানীয় সংস্থাকে দেয়ার সম্ভাবনা

টাঙ্গাইল, ১লা অক্টোবর (বাসস)—শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ আজ এখানে বলেন, প্রাথমিক শিক্ষা পরিচালনার ভার সরকার পর্যায়ক্রমে স্থানীয় স্বায়ত্তশাসিত সংস্থাগুলোকে দেয়ার কথা বিবেচনা করছেন।

তিনি বলেন, জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের বৈঠকে এ সম্পর্কে আলোচনা চলছে এবং এটা সরকারের বিবেচনাধীন রয়েছে।

অপ্রাতিষ্ঠানিক শিক্ষা প্রসঙ্গে এ জেলার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের উদ্দেশে বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী বলেন, মেহনতী মানুষের আশা আকাঙ্ক্ষা পূরণের উদ্দেশ্যে সরকার একটি মানবিক, অভিন্ন ও সার্বিক শিক্ষাব্যবস্থা প্রবর্তনে ব্যাপৃত রয়েছেন। দেশের প্রথম শিক্ষানীতি শীগগীরই ঘোষণা করা হবে। এর ফলে শিক্ষাব্যবস্থার বৈষম্যের অবসান ঘটবে।

তিনি বলেন, দেশ থেকে নিরক্ষরতা দূর এবং বর্তমানে প্রচলিত 'উদ্দেশ্যহীন' শিক্ষা বন্ধ করতে সংকল্পবদ্ধ।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষানীতিতে উৎপাদন ও গণমুখী শিক্ষাব্যবস্থার উপর জোর দেয়া হবে যাতে— এ যাবৎকাল শিক্ষাবঞ্চিত জনসংখ্যার অধিকাংশ উপকৃত হতে পারবে।

**ধর্মীয় শিক্ষা**

ধর্মীয় শিক্ষার প্রসঙ্গে কাজী জাফর আহমদ বলেন, মাদ্রাসা থাকবে। কিন্তু এগুলোর পাঠক্রমে ধর্মীয় শিক্ষার সাথে সাথে কারিগরি এবং আধুনিক বৈজ্ঞানিক শিক্ষাও অন্তর্ভুক্ত করা হবে।

দেশে শিক্ষিতের হারের কথা উল্লেখ করে তিনি বলেন, এখন মাত্র শতকরা ২০ ভাগ অধিবাসী লিখতে ও পড়তে পারে। মহিলাদের মধ্যে শিক্ষিতের হার মাত্র শতকরা ১২ ভাগ।

স্বল্পতম সময়ের মধ্যে দেশবাসীকে শিক্ষিত করে তুলতে হবে অন্যথায় সমৃদ্ধি ও উন্নয়নের সকল

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## প্রাথমিক শিক্ষা

(১ম পৃঃ পর)

প্রচেষ্টাই ব্যর্থ হবে।

**রাজনৈতিক দল**

সন্তোষ ইসলামী বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে এক জনসভায় বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী বলেন, সরকারের কাজ সুষ্ঠুভাবে চালানোর জন্য বিরোধী দল থাকা উচিত।

বিরোধীদলের সমালোচনা সরকারের জন্য কল্যাণকর হয়ে থাকে।

তিনি মওলানা ভাসানীর মাজারও জেয়ারত করেন।